অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR)

রিপোর্টের সনঃ ২০১৮-২০১৯

কৃষি মন্ত্রণালয়

[বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর ২০১৮-২০১৯ অর্থ বছরের হিসাব সম্পর্কিত]

প্রথম অধ্যায়

কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর

ঢাকা ইন্স্যুরেন্স ভবন (২য়-৫ম তলা)

৭১,পুরানা পল্টন লাইন, ঢাকা-১০০০।

নির্বাহী সারসংক্ষেপ

বাংলাদেশের কৃষি মন্ত্রণালয় একটি গুরুত্বপূর্ন মন্ত্রণালয়। দেশের উন্নয়নে এ মন্ত্রণালয় সার্বিক অবদান রেখে আসছে। এ মন্ত্রণালয়ের অধীনে আওতাধীন ০৭ টি সরকারি প্রতিষ্ঠান এবং ০৮ টি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান রয়েছে। বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কৃষি উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচন, পল্লী অঞ্চলে ফসল উৎপাদন বৃদ্ধি, জনগনের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং সর্বোপরি মানবসম্পদ উন্নয়ন তথা প্রশিক্ষনের মাধ্যমে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করে থাকে। দেশকে দারিদ্র্যমুক্ত এবং স্বনির্ভর করে গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কর্তৃক নীতিমালা প্রনয়ণ, পরিকল্পনা প্রনয়ণ, কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করছে। সরকারের অনুসৃত নীতিমালার সাথে সংগতি রেখে দেশের জনগনের দারিদ্র্য বিমোচন ও আর্থ সামাজিক অবস্থার উন্নয়নে সার্বিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট ।

বাংলাদেশের উন্নয়ন ও অর্থনীতির প্রধান চালিকাশক্তি কৃষি। একদিকে আমাদের জনসংখ্যা বাড়ছে অপরদিকে আশংকাজনকভাবে কমছে কৃষি জমির পরিমাণ। পরস্পর বিপরীত এ পরিস্থিতিতে দেশের বিশাল জনগোষ্ঠীর খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করা এক বিরাট চ্যালেঞ্জ। বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর মাধ্যমে সীমিত কৃষি জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে অধিক ফসল উৎপাদনের জন্য লাগসই প্রযুক্তির ব্যবহার, প্রতিকূল পরিবেশসহিষ্ণু নতুন নতুন জাত ও প্রযুক্তি উদ্ভাবন এখন সময়ের দাবি। কৃষি বিজ্ঞানী ও গবেষকগণ বিভিন্ন পাট ও ফসলের নতুন নতুন জাত উদ্ভাবন করে দেশের কৃষির উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখছেন। জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়ানো, তথ্য প্রযুক্তিকে কাজে লাগিয়ে কৃষির আধুনিকীকরণ, শস্যের নিবিড়তা বৃদ্ধি ও বহুমূখীকরণের মাধ্যমে পুষ্টিসমৃদ্ধ খাদ্যের যোগান নিশ্চিতকল্পে কৃষক, কৃষিকর্মী, সম্প্রসারণবিদ, গবেষক ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ নিরলস অবদান রেখে যাচ্ছেন। বর্তমান সরকারের কৃষিবান্ধব নীতির ফলে খাদ্যশস্য উৎপাদনে বাংলাদেশ অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে।

পাটের অঞ্চল ভিত্তিক কৃষি গবেষণার জন্য মানিকগঞ্জে পাটের কেন্দ্রীয় কৃষি পরীক্ষণ স্টেশন এবং রংপুর, ফরিদপুর, কিশোরগঞ্জ ও চান্দিনায় (কুমিল্লা) চারটি আঞ্চলিক পাট গবেষণা কেন্দ্র এবং তারাবো (নারায়নগঞ্জ), মনিরামপুর (যশোর) ও কলাপাড়ায় (পটুয়াখালী) তিনটি পাট গবেষণা উপকেন্দ্র এবং নসিপুরে (দিনাজপুর) একটি প্রজনন বীজ উৎপাদন খামার রয়েছে। পাট, কেনাফ ও মেস্তা ফসলের দেশী/ বিদেশী বীজ সংরক্ষণ ও উন্নত জাত উদ্ভাবনে গবেষণা কাজে ব্যবহারের জন্য তৎকালীন ইন্টারন্যাশনাল জুট অর্গানাইজেশন (IJO) এর আর্থিক সহযোগিতায় ১৯৮২ সালে বিজেআরআইতে একটি জিন ব্যাংক প্রতিষ্ঠিত হয়েছে। এ জিন ব্যাংকে বিশ্বের বিভিন্ন অঞ্চল থেকে সংগৃহীত পাট ও সমগোত্রীয় আঁশ ফসলের প্রায় ৬০০০ জিন সংরক্ষিত আছে। বিজেআরআই বর্তমানে তিনটি ধারায় গবেষণা কার্যক্রম পরিচালনা করছে:

(১) পাট ও পাটজাতীয় আঁশ ফসলের উচ্চ ফলনশীল জাত উদ্ভাবন, এর উৎপাদন ব্যবস্থাপনা এবং বীজ উৎপাদন ও সংরক্ষণ সংক্রান্ত গবেষণা;

(২) পাট শিল্প গবেষণা তথা মূল্য সংযোজিত বহুমুখী নতুন নতুন পাট পণ্য উদ্ভাবন এবং প্রচলিত পাট পণ্যের মানোন্নয়ন সংক্রান্ত গবেষণা; এবং

(৩)পাটের টেক্সটাইল তথা পাট ও তুলা এবং অন্যান্য প্রাকৃতিক ও কৃত্রিম আঁশের সংমিশ্রণে পাটজাত টেক্সটাইল পণ্য উৎপাদন সংক্রান্ত গবেষণা।

জাতীয় সংসদ হতে বাজেট অনুমোদনের পর অর্থ মন্ত্রণালয় কর্তৃক বাজেট ছাড়করণের প্রেক্ষিতে কৃষি মন্ত্রণালয় তাঁর আওতাধীন ০৭ টি সরকারি প্রতিষ্ঠান এবং ০৮টি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাহিদার আলোকে বরাদ্দ পুন: বন্টন করে থাকে। বরাদ্দ প্রাপ্তির পর উক্ত প্রতিষ্ঠানসমূহ তাঁদের অধীনস্থ মাঠ পর্যায়ের অফিস সমূহকে বরাদ্দ প্রদান করে। ২০১৮-১৯ অর্থ বছরে কৃষি মন্ত্রণালয় নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে মোট উন্নয়ন ও অনুন্নয়নসহ বাজেট ৯৬,০৯,৬৫,০০০/- (ছিয়ানব্বই কোটি নয় লক্ষ পঁয়ষট্রি হাজার) টাকা। উক্ত অর্থায়নের উৎস সম্পূর্ণ জিওবি। কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন ০৮টি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রধানকে মন্ত্রণালয় পদায়ন করে থাকে। এছাড়া বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট প্রতিষ্ঠান তাদের স্ব-স্ব আইন ও বিধি অনুসারে পদায়ন/বদলী এবং ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগ অনুমোদন ও অন্যান্য প্রয়োজনীয় প্রশাসনিক নিয়ন্ত্রণমূলক আদেশ প্রদান করে। বার্ষিক বাজেট অনুমোদন এবং মঞ্জুরী ও বরাদ্দ বিভাজন, মঞ্জুরীকৃত বরাদ্দের অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরাসরি ছাড়করণ, বৃহৎ ক্রয় কার্যক্রম অনুমোদন, প্রতিষ্ঠানের আয় ব্যয়ের হিসাব সংশ্লিষ্ট বিষয়াদি প্রতিষ্ঠানসমূহ মন্ত্রণালয়ে প্রেরণ করে থাকে।

পদায়ন/বদলী এবং ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগ অনুমোদন ও অন্যান্য প্রয়োজনীয় প্রশাসনিক নিয়ন্ত্রণমূলক আদেশ প্রদান করে। বার্ষিক বাজেট অনুমোদন এবং মঞ্জুরী ও বরাদ্দ বিভাজন, মঞ্জুরীকৃত বরাদ্দের অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরাসরি ছাড়করণ, বৃহৎ ক্রয় কার্যক্রম অনুমোদন, প্রতিষ্ঠানের আয় ব্যয়ের হিসাব সংশ্লিষ্ট বিষয়াদি প্রতিষ্ঠানসমূহ মন্ত্রণালয়ে প্রেরণ করে থাকে।

বাংলাদেশ সরকারের রুলস অব বিজনেস অনুসারে মাননীয় মন্ত্রীর নিয়ন্ত্রণাধীন সচিব, বিভাগের প্রশাসনিক প্রধান হিসাবে কৃষি বিষয়ক মন্ত্রণালয়ের কার্যক্রম পরিচালনা করে থাকেন। জাতীয় সংসদ হতে বাজেট অনুমোদনের পর অর্থ মন্ত্রণালয় কর্তৃক বাজেট ছাড়করণের প্রেক্ষিতে কৃষি মন্ত্রণালয় তাঁর আওতাধীন ০৭ টি সরকারি প্রতিষ্ঠান এবং ০৮টি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাহিদার আলোকে বরাদ্দ পুন:বন্টন করে থাকে। বরাদ্দ প্রাপ্তির পর উক্ত প্রতিষ্ঠানসমূহ তাঁদের অধীনস্থ মাঠ পর্যায়ের অফিস সমূহকে বরাদ্দ প্রদান করে। বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটে ক্যাশ বেসিস হিসাব পদ্ধতি (Cash Basis Accounting) প্রচলিত। সরকারের Extra Budgetary প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট তার নিয়ন্ত্রণকারী কৃষি মন্ত্রণালয় হতে সাধারনত: ৪ টি কিস্তিতে (কখনও কখনও অতিরিক্ত কিস্তি প্রদান করা হয়ে থাকে) অর্থ বরাদ্দ করা হয়। বরাদ্দ আদেশ প্রাপ্তির পর বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় কৃষি মন্ত্রণালয় হতে বিলের মাধ্যমে সমুদয় টাকা উত্তোলন পূর্বক নিজস্ব হিসাবে জমা করে থাকে। পরবর্তীতে উক্ত হিসাব হতে ব্যয় বিভাজন মোতাবেক খাত ওয়ারী অর্থ ব্যয় করা হয়ে থাকে। বাজেটারী ইউনিটসমূহ ট্রেজারী সিংগেল একাউন্ট এর আওতায় লেনদেন করে থাকে। মাননীয় সচিব, প্রিন্সিপাল একাউন্টিং অফিসার, কৃষি বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক উপযোজন হিসাব তৈরী করা এবং তা নিরীক্ষার জন্য সিএজি বরাবর প্রেরণের জন্য দায়িত্বপ্রাপ্ত।

নিরীক্ষার উদ্দেশ্য কোন ব্যয় নির্বাহ করার জন্য উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক মঞ্জুরকৃত তহবিলের পর্যাপ্ত সংস্থান আছে কিনা, ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট রুলস ২০০৮ সহ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত অন্যান্য আর্থিক বিধি-বিধান পরিপালনপূর্বক ব্যয় নির্বাহ করা হয়েছে কিনা, আয়কর- ভ্যাট কর্তন ও জমা করা হয়েছে কিনা, বেতন/ভাতার অতিরিক্ত প্রদান, সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ, বেসরকারি তহবিলের আয়-ব্যয়, স্টোরস সংরক্ষণ ও বিতরণ কার্যক্রম, মূলধন ব্যয়, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা পর্যালোচনা করার মাধ্যমে এতদ্সংক্রান্ত অনিয়মসমূহ নির্ণয় করাসহ আর্থিক শৃঙ্খলা নিশ্চিত করাই নিরীক্ষার উদ্দেশ্য। নিরীক্ষার নমুনায়নের ক্ষেত্রে সিস্টেমেটিক ও জাজমেন্টাল পদ্ধতি অনুসরণ করা হয়েছে। এক্ষেত্রে, ইউনিট নির্ধারণে মোট বাজেট ও ব্যয়, অনিরীক্ষিত নিরীক্ষা বছরের সংখ্যা ও পুরাতন নিরীক্ষা প্রতিবেদনের ফাইন্ডিংস বিবেচনা করা হয়েছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ১২৮(১) এবং ১২৮(৪) নম্বর অনুচ্ছেদের প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তরকে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন ০৮টি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের নিয়মানুগ ও ব্যয় নিরীক্ষা পরিচালনার দায়িত্ব প্রদান করা হয়েছে।

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর ২০১৮-২০১৯ অর্থ বছরের হিসাবের উপর কমপ্ল্যায়েন্স নিরীক্ষা সম্পাদন করা হয়েছে। নিরীক্ষা সমাপনান্তে বর্ণিত প্রতিবেদনে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটে মোট ১২ টি অনুচ্ছেদের সাথে জড়িত অর্থের পরিমাণ ৭,৭২,২৩,৪৫৪/- (সাত কোটি বাহাত্তর লক্ষ তেইশ হাজার চারশত চুয়ান্ন টাকা মাত্র) সম্বলিত আলোচ্য অডিট রিপোর্টটি প্রণয়ন করা হয়েছে।

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর পদসোপান ভিত্তিক তাঁদের ক্ষমতা ও কার্যাবলী বিশ্লেষণ করা হয়েছে। পাশাপাশি আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ অনুযায়ী তাঁদের নির্ধারিত ক্ষমতার চর্চা করলেও কিছু কিছু ক্ষেত্রে তার ব্যতিক্রম দেখা যায়। অফিস ব্যবস্থাপনার দিকটিও পর্যালোচনা করা হয়েছে। অডিটের জন্য পৃথক অডিট সেল থাকায় সার্বিক দিক বিবেচনা করে দেখা গেছে যে, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা মোটামুটি সন্তোষজনক। বছরান্তে অভ্যন্তরীণ নিরীক্ষা হওয়া সত্ত্বেও তা বাস্তবায়নে আঞ্চলিক কার্যালয় ও প্রধান কার্যালয়ের অনীহা পরিলক্ষিত হয়। পূর্ববর্তী অডিট Observation এর প্রকৃতি অনুযায়ী ঝুঁকির মাত্রা কমিয়ে এনে সেইসব অনিয়মগুলো লাঘব এর জন্য তেমন কোন কার্যকরী পদক্ষেপ নেওয়া হয়নি। তাছাড়া নিরীক্ষা চলাকালীন সময়ে স্থানীয় প্রতিষ্ঠানের হিসাব বিভাগ ও নিরীক্ষা বিভাগের মধ্য যথেষ্ট সমন্বয়হীনতা দেখা যায়।নিরীক্ষা চলাকালীন সময়ে গুরুত্বপূর্ণ নথি নিরীক্ষার নিকট উপস্থাপনেও গড়িমসি পরীলক্ষিত হয়।এ রিপোর্টের অন্তর্ভুক্ত অনিয়মগুলি পর্যালোচনা করে প্রতীয়মান হয় যে, নিরীক্ষিত প্রতিষ্ঠান সমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা এবং সরকারি বিধিবিধান পরিপালন না করায় অনিয়মগুলি সংঘটিত হয়েছে যার প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলো। অডিট আপত্তিতে জড়িত অর্থ আদায়ের ক্ষেত্রে প্রশাসনিক কর্তৃপক্ষের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। এছাড়া প্রতিষ্ঠানের আর্থিক শৃঙ্খলা নিশ্চিতকল্পে যথাযথ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে এ ধরনের অনিয়মের পুনরাবৃত্তি রোধ করাও সম্ভব।

নিরীক্ষার পটভূমি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ১২৮(১) এবং ১২৮(৪) নম্বর অনুচ্ছেদের প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তরকে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর নিয়মানুগ ও ব্যয় নিরীক্ষা পরিচালনার দায়িত্ব প্রদান করা হয়েছে।

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠান। বাংলাদেশের কৃষি উন্নয়নের ক্ষেত্রে কৃষি মন্ত্রণালয় গুরুত্বপূর্ন অবদান রেখে আসছে। এ মন্ত্রণালয়ের অধীনে দুটি বিভাগ রয়েছে। এর মধ্যে একটি হচ্ছে সরকারি প্রতিষ্ঠানসমূহ, অপরটি স্বায়ত্তশাসিত। বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কৃষি উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচন, বিপনন, কৃষি উৎপাদন বৃদ্ধি, জনগনের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং সর্বোপরি মানবসম্পদ উন্নয়ন তথা প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধির লক্ষে কার্যক্রম পরিচালনা করে থাকে। দেশকে দারিদ্র্যমুক্ত এবং স্বনির্ভর করে গড়ে তোলার লক্ষ্যে কৃষি মন্ত্রণালয় পরিকল্পনা প্রনয়ণ, কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করছে। সরকারের অনুসৃত নীতিমালার সাথে সংগতি রেখে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট দেশের জনগনের দারিদ্র্য বিমোচন ও আর্থ সামাজিক অবস্থার উন্নয়নে সার্বিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

উক্ত কার্যক্রমের উপর কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর, ঢাকা ইন্স্যুরেন্স ভবন (২য়-৫ম তলা), ৭১ পুরানা পল্টন, ঢাকা-১০০০ কর্তৃক ২০১৮-২০১৯ অর্থ বছরের হিসাবের উপর কমপ্ল্যায়েন্স নিরীক্ষা সম্পাদনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

নিরীক্ষার উদ্দেশ্য

ক) ব্যয় নিরীক্ষাঃ উর্পযুক্ত ধাপ ক) এ বর্ণিত বরাদ্দের মধ্যে সীমাবদ্ধ থেকে ব্যয় নির্বাহ করা হয়েছে কিনা তা নিরীক্ষা করা যা নিম্নবর্নিত তিনটি দফায় সম্পাদন করা।

১) কোন ব্যয় নির্বাহ করার জন্য উর্পযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক মঞ্জুরকৃত তহবিলের জন্য পর্যাপ্ত সংস্থান আছে কিনা;

২) পাবলিক প্রকিউরমেন্ট আইন,২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট রুলস্, ২০০৮ সহ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত অন্যান্য বিধিবিধান পরিপালনপূর্বক ব্যয় নির্বাহ করা হয়েছে কিনা।

৩) ব্যয়ের অনুকূলে উপর্যুক্ত কর্তৃপক্ষের বিশেষ বা সাধারণ ব্যয়মঞ্জুরী আছে কি না।

নিরীক্ষার আওতা বা পরিধি

কৃষি মন্ত্রণালয় নিয়ন্ত্রনাধীন স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর মোট উন্নয়ন ও অনুন্নয়ন বাজেট ৯৬,০৯,৬৫,০০০/- (ছিয়ানব্বই কোটি নয় লক্ষ পঁয়ষট্রি হাজার) টাকা। বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট ও এর অধীনস্থ দপ্তরসমূহের মাধ্যমে শুধুমাত্র দেশীয় অর্থায়নে বাস্তবায়িত প্রকল্প ও কর্মসূচীসমূহ ২০১৮-১৯ আর্থিক সালের বিভাগীয় কার্যাবলী, উন্নয়ন কাজের বাজেট ছাড়করণ স্কিম, প্রাক্কলণ, দরপত্র, ভেরিয়েশন প্রস্তুত, অনুমোদন, বাস্তবায়ন, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ বাস্তবায়ন ও মনিটরিং কাজ নিরীক্ষার অন্তর্ভুক্ত করে কমপ্লায়েন্স নিরীক্ষা করা হয়েছে। নিরীক্ষার ক্ষেত্রে শুধু ২০১৮-২০১৯ অর্থ বছরকে নিরীক্ষার আওতায় আনা হয়েছে। পরিকল্পনায় ঝুঁকিসমূহ চিহ্নিত করে সে আলোকে নিরীক্ষা কার্য সম্পাদন করা হয়েছে।

মহাপরিচালকের কার্যালয়, কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর কর্তৃক নিরীক্ষার জন্য বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর বরাদ্দ প্রাপ্তি, ব্যয় ব্যবস্থাপনা, অর্থ ব্যবস্থাপনা, অভ্যন্তরীণ আয়ের উৎস এবং ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যাদি ISSAI এর নির্দেশনা, সরকারি ক্রয় বিধি ও প্রযোজ্য বিধি-বিধান এর আলোকে নিরীক্ষা করা হয়েছে।

নিরীক্ষা নির্ণায়কসমূহ

নিম্নলিখিত নির্ণায়কসমূহ নিরীক্ষাকালে অনুসরণ করা হয়েছে ঃ

ইস্যু	Subject Matter	Subject Matter Information	Criteria
১	২	৩	৪
ইস্যু-১	ব্যয় নিরীক্ষা	পর্যাপ্ত বরাদ্দ, ব্যয় এবং হিসাব	অডিট কোড - আর্টিকেল ৮৬, পাবলিক প্রকিউরমেন্ট আইন- ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট রুলস্- ২০০৮।
ইস্যু-২	বেতন ভাতা;	মাসিক বেতন বিল, বেতন নির্ধারণ কপি, চাকুরী বহি প্রভৃতি	জাতীয় পে-স্কেল–২০১৫, বিএসআর ও অন্যান্য আদেশ
ইস্যু-৩	সরবরাহ ও সেবা;	এপিপি, চাহিদা পত্র, দরপত্র দলিল, ক্রয়-আদেশ, পরিশোধিত বিল-ভাউচার, বিল রেজিষ্টার, মজুদ ও বিতরণ রেজিষ্টার প্রভৃতি।	পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা আইন-২০১৫, টি আর, জিএফআর ।
ইস্যু-৪	মেরামত;	এপিপি, চাহিদা পত্র, দরপত্র দলিল, ক্রয়-আদেশ, পরিশোধিত বিল-ভাউচার, বিল রেজিষ্টার, মজুদ ও বিতরণ রেজিষ্টার প্রভৃতি।	পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা আইন-২০১৫, টি আর, জিএফআর ।
ইস্যু-৫	সম্পদ সংগ্রহ, ক্রয় ও সম্পদ সংরক্ষণ, বিতরণ এবং ব্যবস্থাপনা	এপিপি, চাহিদা পত্র, দরপত্র দলিল, ক্রয়-আদেশ, পরিশোধিত বিল-ভাউচার, বিল রেজিষ্টার, মজুদ ও বিতরণ রেজিষ্টার প্রভৃতি।	পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা আইন-২০১৫, টিআর, জিএফআর।
ইস্যু-৬	আদায়, জমা ও IT/VAT কর্তন।	আদায় সংক্রান্ত রিসিভ/রেজিস্টার এবং খরচের ভাউচার/বিবরণী	আদায় ও খরচ সংক্রান্ত নীতিমালা, বিভিন্ন চুক্তিপত্র, ও এনবিআর এর IT/VAT কর্তন সংক্রান্ত সার্কুলার।

অনিয়মের কারণ

নিরীক্ষিত ইউনিট ঃ মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।

আর্থিক সাল ঃ ২০১৮-১৯

অনিয়মের কারণ
▪ শ্রমিক নীতিমালা ২০১৭ সঠিকভাবে প্রতিপালন না করা।
▪ অর্থ মন্ত্রণালয় হতে বিভিন্ন সময়ে জারিকৃত বিধি, প্রবিধি, পরিপত্র ও অধ্যাদেশ পরিপালন না করা।
▪ কৃষি মন্ত্রণালয় হতে বিভিন্ন সময়ে জারিকৃত বিধি, প্রবিধি, পরিপত্র ও অধ্যাদেশ পরিপালন না করা ।
▪ জনপ্রশাসন মন্ত্রণালয় হতে জারিকৃত পরিপত্র সঠিকভাবে প্রতিপালন না করা।
▪ যথাযথভাবে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ পরিপালন না করা।
▪ জিএফআর পরিপালন না করা। ▪ সরকারি বিধি বিধান পরিপালন না করা।
▪ বিএফআর পরিপালন না করা। ▪ সরকারের ক্রয় নীতিমালা লঙ্ঘন। ▪ এক খাতের টাকা অন্য খাতে খরচ করা।
▪ বিটিআর ও এসআর ঠিক মতো প্রতিপালন না করা।
▪ আর্থিক ক্ষমতা অর্পণ বিধি লঙ্ঘন করা।
▪ আয়কর বিধি যথাযথভাবে পরিপালন না করা।
▪ ভ্যাট আইন যথাযথভাবে পরিপালন না করা।
▪ পিপিএনবি অনুসারে ব্যয় না করা।
▪ স্পেসিফিকেশন মোতাবেক কাজ না করা। ▪ কাজ সম্পাদন না করেই বিল পরিশোধ করা। ▪ বীজ বা অন্যান্য দ্রব্যাদি বিতরণে কৃষকের তালিকা সংরক্ষণ না করা।

ম্যানেজমেন্ট ইস্যু

নিরীক্ষিত ইউনিট ঃ মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।

আর্থিক সাল ঃ ২০১৮-১৯

- দুর্বল অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা।
- পূর্ববর্তী অডিট আপত্তিসমূহের উপর গুরুত্বারোপ না করা এবং সংশোধন না করা।
- সরকারের ক্রয় নীতিমালা লঙ্ঘন করা।
- শ্রমিক নীতিমালা ২০১৭ সঠিকভাবে প্রতিপালন না করা।
- অর্থ মন্ত্রণালয় হতে বিভিন্ন সময়ে জারিকৃত বিধি, প্রবিধি, পরিপত্র ও অধ্যাদেশ পরিপালন না করা।
- কৃষি মন্ত্রণালয় হতে বিভিন্ন সময়ে জারিকৃত বিধি, প্রবিধি, পরিপত্র ও অধ্যাদেশ পরিপালন না করা ।
- জনপ্রশাসন মন্ত্রণালয় হতে জারিকৃত পরিপত্র সঠিকভাবে প্রতিপালন না করা।
- যথাযথভাবে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ পরিপালন না করা।
- জিএফআর পরিপালন না করা।
- বিএফআর পরিপালন না করা।
- বিটিআর ও এসআর ঠিক মতো প্রতিপালন না করা।
- আর্থিক ক্ষমতা অর্পণ বিধি লঙ্ঘন করা।

নিরীক্ষা সুপারিশের সংক্ষিপ্তসার ঃ

নিরীক্ষিত ইউনিট ঃ মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।

আর্থিক সাল ঃ ২০১৮-১৯

- বাজেট বরাদ্দ/উপযোজন ও ব্যয় সম্পর্কে অধিকতর সতর্কতা অবলম্বন করা প্রয়োজন।
- প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক মনিটরিং ব্যবস্থা জোরদার করা আবশ্যক।
- প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদার করা প্রয়োজন।
- শ্রমিক নীতিমালা ২০১৭ সঠিকভাবে প্রতিপালন করতে হবে।
- অর্থ মন্ত্রণালয় হতে বিভিন্ন সময়ে জারিকৃত বিধি, প্রবিধি, পরিপত্র ও অধ্যাদেশ পরিপালন করা প্রয়োজন।
- কৃষি মন্ত্রণালয় হতে বিভিন্ন সময়ে জারিকৃত বিধি, প্রবিধি, পরিপত্র ও অধ্যাদেশ পরিপালন করা প্রয়োজন।
- জনপ্রশাসন মন্ত্রণালয় হতে জারিকৃত পরিপত্র সঠিকভাবে প্রতিপালন করা প্রয়োজন।
- যথাযথভাবে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ পরিপালন করা প্রয়োজন।
- জিএফআর পরিপালন করা আবশ্যক।
- বিএফআর পরিপালন করা আবশ্যক।
- বিটিআর ও এসআর ঠিক মতো প্রতিপালন করা আবশ্যক।
- আর্থিক ক্ষমতা অর্পণ বিধি সঠিকভবে পরিপালন করতে হবে।
- আয়কর বিধি সার্কুলার যথাযথভাবে পরিপালনসহ এতদসংক্রান্ত প্রশিক্ষণ প্রদান আবশ্যক।
- ভ্যাট আইন সার্কুলার যথাযথভাবে পরিপালনসহ এতদসংক্রান্ত প্রশিক্ষণ প্রদান আবশ্যক।
- পিপিএনবি অনুসারে ব্যয় করা আবশ্যক।
- সরকারি রাজস্ব আদায় এবং জমাদানের বিষয়ে বিশেষ সতর্কতা অবলম্বন করা আবশ্যক।
- অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির ব্যাপারে যথাযথ কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।

দ্বিতীয় অধ্যায়

(অডিট অনুচ্ছেদসমূহ)

মহাপরিচালকের কার্যালয়
কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর
ঢাকা ইন্স্যুরেন্স ভবন (২য়-৫ম তলা)
৭১, পুরানা পল্টন লাইন, ঢাকা-১০০০।

অডিট ফাইন্ডিংস

নিরীক্ষিত ইউনিট : মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ,ঢাকা।

মন্ত্রণালয়ের নাম : কৃষি মন্ত্রণালয়

আর্থিক সাল : ২০১৮-২০১৯

অনু: নং	অনুচ্ছেদের সংক্ষিপ্ত সার	জড়িত টাকা
১.	জাতীয় রাজস্ব বোর্ডের পরিপত্র অনুযায়ী নির্ধারিত হারে উৎসে কর কর্তন না করায়/কম কর্তন করায় সরকারের আর্থিক ক্ষতি।	২,৩৯,৫৮৫/-
২.	বিবিধ পণ্য/সেবা সরবরাহের বিপরীতে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা অনুযায়ী নির্ধারিত হারে ভ্যাট কর্তন না করায়/কম কর্তন করায় আর্থিক ক্ষতি।	১৪,০০,২৮৮/-
৩.	সরকারি ক্রয় বিধিমালা-২০০৮ অনুসরণ না করে সরকারি ক্রয়কার্য সম্পাদন আর্থিক শৃঙ্খলার পরিপন্থী।	৫৮,৭১,৫৮৯/-
৪.	বিওকিউতে (বিল অব কোয়ান্টিটি) উল্লিখিত অর্থ অপেক্ষা ঠিকাদারকে অতিরিক্ত পরিশোধ।	২,৫৪,৩৬২/-
৫.	পিপিএনবি এর (Programme Proposal for non Development Budget) বহির্ভূত ল্যাব যন্ত্রপাতি ক্রয় বাবদ অনিয়মিতভাবে পরিশোধ।	১,৪৪,৯০০/-
৬.	পিপিএনবিতে (Programme Proposal for non Development Budget) নির্ধারিত মূল্য অপেক্ষা অতিরিক্ত মূল্যে যন্ত্রপাতি ক্রয় করায় সরকারের আর্থিক ক্ষতি।	১,৫৬,০০০/-
৭.	ডিপিপিতে উল্লিখিত সংখ্যার অতিরিক্ত সংখ্যা ও টাকার পরিমাণ বেশি দেখিয়ে ঠিকাদারকে অতিরিক্ত পরিশোধ।	২,৩৭,২৫৬/-
৮.	২০১৮-২০১৯ অর্থ বছরে আরডিপিপিতে বরাদ্দের অতিরিক্ত অনিয়মিতভাবে পরিশোধ।	১৩,৯৬,০০০/-
৯.	৩০শে জুনে অব্যয়িত টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি।	২,৬৬,৭৪,৪০৮/-
১০.	বিলের সাথে প্রয়োজনীয় কাগজপত্র নিরীক্ষায় পাওয়া যায়নি।	৩,৯৭,৩৭,৫৮৩/-
১১.	মন্ত্রণালয়ে নিযুক্ত শ্রমিকের মজুরী বাবদ অনিয়মিতভাবে পরিশোধ।	৩,৯০,০২৫/-
১২.	পাট গবেষণা ইনস্টিটিউটের বিভিন্ন খাতে বিভিন্ন কাজের বিপরীতে পরিশোধিত অগ্রিম গৃহীত টাকা অসমন্বয়।	৭,২১,৪৫৮/-
	মোট	৭,৭২,২৩,৪৫৪/-

(কথায়ঃ সাত কোটি বাহাত্তর লক্ষ তেইশ হাজার চারশত চুয়ান্ন টাকা)

প্যারা-০১

শিরোনাম : জাতীয় রাজস্ব বোর্ডের পরিপত্র অনুযায়ী নির্ধারিত হারে উৎসে কর কর্তন না করায়/কম কর্তন করায় সরকারের ২,৩৯,৫৮৫/-(দুই লক্ষ উনচল্লিশ হাজার পাঁচশত পঁচাশি) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ:

- কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন মহাপরিচালক পাট গবেষণা ইনস্টিটিউট মানিকমিয়া এভিনিউ ঢাকা এবং প্রকল্প পরিচালক পাট বিষয়ক মৌলিক ও ফলিত গবেষণা প্রকল্প অফিসের ২০১৮-১৯ আর্থিক সালে জাতীয় রাজস্ব বোর্ডের পরিপত্র অনুযায়ী নির্ধারিত হারে উৎসে কর কর্তন না করায়/কম কর্তন করায় সরকারের ২,৩৯,৫৮৫/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।
- মহাপরিচালক পাট গবেষণা ইনস্টিটিউট মানিকমিয়া এভিনিউ ঢাকা নিরীক্ষাকালে আইবিএ কর্তৃক গৃহীত পরীক্ষার ফি বাবদ পরিশোধিত বিল-ভাউচার নিরীক্ষাকালে দেখা যায় যে, নির্ধারিত হারে আয়কর কর্তন না করা/কম কর্তন করায় সরকারের ৬৪,৯০০/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।
- প্রকল্প পরিচালক পাট বিষয়ক মৌলিক ও ফলিত গবেষণা প্রকল্প অফিসের পরিশোধিত বিভিন্ন বিল-ভাউচার নিরীক্ষাকালে দেখা যায় যে, নির্ধারিত হার অপেক্ষা কম হারে আয়কর কর্তন করায় সরকারের ১,৭৪,৬৮৫/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে। [বিস্তারিত বিবরণ পরিশিষ্ট '' ১.১ হতে ১.২ "সংযুক্ত]

নিরীক্ষাধীন সময়ে দায়িত্বে ছিলেন জনাব ড. আ. শ. ম. আনোয়ারুল হক, (মহাপরিচালক)।

অনিয়মের কারণঃ

- আয়কর পরিপত্র নং-১/২০১৮-১৯ এর নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৩.০২০.১৮.২৯, তারিখঃ ১২/০৮/২০১৮ খ্রিঃ অনুচ্ছেদ-০৮ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫২এএ এর উপধারা ২ এর লঙ্ঘন।
- আয়কর পরিপত্র নং-১/২০১৮-১৯ এর নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৩.০২০.১৮.২৯, তারিখ ঃ ১২/০৮/২০১৮ খ্রিঃ অনুচ্ছেদ-০৮ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫২এএ এর উপধারা (১) এর লঙ্ঘন।

স্থানীয় অফিসের জবাবঃ

- নথিপত্র যাচাই বাছাই করে পরবর্তীতে জবাব প্রদান করা হবে।

নিরীক্ষার মন্তব্যঃ

- নথিপত্র আলোচনা পূর্বক আপত্তি উত্থাপন করা হয়েছে। আয়কর সংক্রান্ত সার্কুলার সম্পর্কে কর্তৃপক্ষের অবগত/না জানার কারণে আয়কর কর্তন করা হয়নি। ফলে সরকার বাড়তি আয়কর হতে বঞ্চিত হয়েছে।

নিরীক্ষার সুপারিশঃ

- আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমার স্বপক্ষে প্রমাণক নিরীক্ষা অফিসে প্রেরণ করা আবশ্যক এবং আয়কর ও ভ্যাট সংক্রান্ত সার্কুলার যথাযথভাবে পরিপালনসহ এতদসংক্রান্ত প্রশিক্ষণ প্রদান আবশ্যক।

প্যারা-০২

শিরোনামঃ বিবিধ পণ্য/সেবা সরবরাহের বিপরীতে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা অনুযায়ী নির্ধারিত হারে ভ্যাট কর্তন না করায়/কম কর্তন করায় ১৪,০০,২৮৮/-(চৌদ্দ লক্ষ দুইশত আটাশি) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ:

- কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন মহাপরিচালক পাট গবেষণা ইনস্টিটিউট মানিকমিয়া এভিনিউ ঢাকা, প্রকল্প পরিচালক বিজেআরআই এর জুট এন্ড টেক্সটাইল প্রোডাক্ট ডেভেলপমেন্ট সেন্টার (জেটিপিডিসি) এর গবেষণা জোরদারকরণ প্রকল্প এবং প্রকল্প পরিচালক পাট বিষয়ক মৌলিক ও ফলিত গবেষণা প্রকল্প অফিসের ২০১৮-১৯ আর্থিক সালে বিবিধ পণ্য/সেবা সরবরাহের বিপরীতে জাতীয় রাজস্ব বোর্ডের নির্ধারিত হারে ভ্যাট কর্তন না করায়/কম কর্তন করায় ১৪,০০,২৮৮/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।
- মহাপরিচালক, পাট গবেষণা ইনস্টিটিউট, মানিকমিয়া এভিনিউ, ঢাকা, অফিসের আবাসিক ভবন মেরামত ও বৈদুতিক সরঞ্জামাদি মেরামত ও সংরক্ষণ খাতের বিল-ভাউচার নিরীক্ষাকালে দেখা যায় যে, ১৫% হারে ভ্যাট কর্তন না করা/কম কর্তন করায় সরকারের ৫,০৭,৮৬০/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।
- বিজেআরআই এর জুট এন্ড টেক্সটাইল প্রোডাক্ট ডেভেলপমেন্ট সেন্টার (জেটিপিডিসি) এর গবেষণা জোরদারকরণ শীর্ষক প্রকল্প অফিসের বিভিন্ন ভবন মেরামত ও সংরক্ষন খাতের বিল-ভাউচার নিরীক্ষাকালে দেখা যায় যে, ১৫% হারে ভ্যাট কর্তন না করা/কম কর্তন করায় সরকারের ৫ ,৯৯ ,২৭৮/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।
- পাট বিষয়ক মৌলিক ও ফলিত গবেষণা প্রকল্প অফিসের মূলধন ক্রয় খাতের বিল-ভাউচার পর্যালোচনায় দেখা যায় যে, ৫% এবং ১৫% হারে ভ্যাট কর্তন না করা/কম কর্তন করায় সরকারের ২,৯৩,১৫০/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে। [বিস্তারিত বিবরণ পরিশিষ্ট '' ২.১ হতে ২.৩ "সংযুক্ত]

  নিরীক্ষাধীন সময়ে দায়িত্বে ছিলেন জনাব ড. আ. শ. ম. আনোয়ারুল হক, (মহাপরিচালক)।

অনিয়মের কারণঃ

- সাধারণ আদেশ-০৬/মূসক/২০১৮, তারিখ-০৭ জুন, ২০১৮খ্রিঃ এবং এসও-০৩১.০০ এর লঙ্ঘন।
- এসআরও নং ১৬৭-আইন/২০১৮/৭৯০-মূসক তারিখ ০৭/০৬/২০১৮ এর লঙ্ঘন।
- এসও-০৩৭.০০ এর বিধি লঙ্ঘন।

স্থানীয় অফিসের জবাব :

- নথিপত্র যাচাই বাছাই করে পরবর্তীতে জবাব প্রদান করা হবে।

নিরীক্ষার মন্তব্য :

- জবাব যথাযথ নয়। নথিপত্র পর্যালোচনা পূর্বক আপত্তি উত্থাপন করা হয়েছে। ভ্যাট সংক্রান্ত সার্কুলার/আইন সম্পর্কে কর্তৃপক্ষের অবগত/না জানার কারণে ভ্যাট কর্তন করা হয়নি। ফলে সরকার বাড়তি ভ্যাট হতে বঞ্চিত হয়েছে।

নিরীক্ষার সুপারিশ :

- আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমার স্বপক্ষে প্রমাণক নিরীক্ষা অফিসে প্রেরণ করা আবশ্যক এবং আয়কর ও ভ্যাট সংক্রান্ত সার্কুলার যথাযথভাবে পরিপালনসহ এতদসংক্রান্ত প্রশিক্ষণ প্রদান আবশ্যক।

প্যারা-০৩

শিরোনাম: সরকারি ক্রয় বিধিমালা-২০০৮ অনুসরণ না করে সরকারি ক্রয়কার্য সম্পাদন আর্থিক শৃঙ্খলার পরিপন্থী জনিত জড়িত ৫৮,৭১,৫৮৯/- টাকা।

বিবরণ:

- কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন মহাপরিচালক পাট গবেষণা ইনস্টিটিউট মানিকমিয়া এভিনিউ ঢাকা এর জুট এন্ড টেক্সটাইল প্রোডাক্ট ডেভেলপমেন্ট সেন্টার (জেটিপিডিসি) এর গবেষণা জোরদারকরণ প্রকল্প এবং পাট বিষয়ক মৌলিক ও ফলিত গবেষণা প্রকল্প এর ২০১৮-১৯ অর্থ বছরে সরকারি ক্রয় বিধিমালা-২০০৮ অনুসরণ না করে সরকারি ক্রয়কার্য সম্পাদন যা আর্থিক শৃঙ্খলার পরিপন্থী জড়িত ৫৮,৭১,৫৮৯/- টাকা।
- বিজেআরআই এর প্রধান কার্যালয়ে ড্রাইভারদের ব্যবহারের জন্য প্রশাসনিক ভবনের নীচতলার পূর্ব পার্শ্বে টয়লেট এবং কৃষি শ্রমিকদের ব্যবহারের জন্য কৃষি গোডাউন সংলগ্ন টয়লেট নির্মাণ কাজের জন্য আগ্রহী ঠিকাদারী প্রতিষ্ঠানের কাছ থেকে আরএফকিউ পদ্ধতিতে কোটেশন আহবান করা হয় এবং সর্বশেষ সময়সীমা নির্ধারণ করা হয় ১৭/০৬/২০১৯ ইং তারিখ বেলা ২.৩০ পর্যন্ত। কিন্তু নিরীক্ষায় দেখা যায় যে, কোটেশন মূল্যায়ন এবং ক্রয় আদেশ বা কার্যাদেশ প্রদান করা হয় ১৮/০৬/২০১৯ তারিখে। পিপিআর/২০০৮ এর ৭৩(১) বিধি অনুযায়ী কোটেশন মূল্যায়ন এবং ক্রয় আদেশ বা কার্যাদেশ প্রদানের ক্ষেত্রে সীলগালা করা খামে বা অন্যভাবে প্রাপ্ত সকল কোটেশন দাখিলের জন্য সর্বশেষ সময়সীমার পর ঐ তারিখেই দরপত্র মূল্যায়ন কমিটি বিধি ৯৮ এর বিধান অনুসারে পরীক্ষা ও মূল্যায়ন করিবে।এ ক্ষেত্রে পিপিআর বিধি লঙ্ঘন করে দরপত্র মূল্যায়ন কমিটি ১৭/০৬/২০১৯ ইং তারিখের পরিবর্তে ১৮/০৬/২০১৯ তারিখে দরপত্র মূল্যায়ন করে ঠিকাদার প্রতিষ্ঠান সাদিয়া ট্রেডার্সকে ৩,৬৭,১৪২/- টাকার কার্যাদেশ প্রদান করা হয়েছে।
- মহাপরিচালক পাট গবেষণা ইনস্টিটিউট মানিকমিয়া এভিনিউ ঢাকা অফিসের নিরীক্ষাকালে দেখা যায় যে ২০১৮-১৯ অর্থ বছরে বিজেআরআই এর প্রধান কার্যালয়ে বার্ষিক ক্রয় পরিকল্পনা ব্যতীত বিভিন্ন গবেষনা সরঞ্জামাদি খাতে অনিয়মিত বাবদ ৪৫,৮৫,৮৯২/- টাকা পরিশোধ করা হয়েছে।
- বিজেআরআই এর জুট এন্ড টেক্সটাইল প্রোডাক্ট ডেভেলপমেন্ট সেন্টার (জেটিপিডিসি) এর গবেষণা জোরদারকরণ শীর্ষক প্রকল্প ঢাকা ২০১৮-১৯ আর্থিক সালের নথিপত্র নিরীক্ষাকালে দেখা যায় যে সর্বনিম্ন দরদাতাকে নন রেসপনসিভ দেখিয়ে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে কাজ প্রদানে ৩,৩৮,৫৫৫/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে। নিরীক্ষায় দেখা যায় যে, (জেটিপিডিসি) এর গবেষণা জোরদারকরণ প্রকল্পের আসবাবপত্র সরবরাহের জন্য কর্তৃপক্ষ সরবরাহকারী প্রতিষ্ঠান মেসার্স aeon design ltd. কে ৯,৫০,০০০/- টাকার কার্যাদেশ প্রদান করেন। সরবরাহকারীগণ কর্তৃক দাখিলকৃত দরপত্রের সিডিউল, দরপত্র, মূল্যায়ন প্রতিবেদন, টেকনিক্যাল স্পেশিফিকেশন ইত্যাদি হতে দেখা যায় যে, মেসার্স আকতার ফার্নিচার লি. সর্বনিম্ন ৬,১১,৪৪৫/- টাকার দরপত্র দাখিল করেন। মূল্যায়ন প্রতিবেদন নিরীক্ষাকালে দেখা যায় যে মেসার্স aeon design ltd. এর দাখিলকৃত দরপত্রের সাথে যে ট্রেড লাইসেন্স সনদ দাখিল করেন তা ২০১৭-২০১৮ অর্থ বছর পর্যন্ত হালনাগাদ করা। মেসার্স aeon design ltd. এর দাখিলকৃত ট্রেড লাইসেন্স সনদ ২০১৮-২০১৯ সালে হালনাগাদ করা হয়নি এবং নিরীক্ষা চলাকালীন সময়ে ২০১৮-২০১৯ সালে ট্রেড লাইসেন্স এর হালনাগাদের কোন প্রমাণক দাখিলকৃত সিডিউলের সাথে পাওয়া যায় নি (কপি সংযুক্ত)। পিপিআর-২০০৮ এর ৭০(২) ধারা অনুযায়ী দরপত্রের সাথে ঠিকাদারী প্রতিষ্ঠানের হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর, ভ্যাট নিবন্ধন নম্বর সংক্রান্ত দালিলিক প্রমাণাদি দাখিল করতে হবে।এক্ষেত্রে হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স না থাকা সত্ত্বেও মেসার্স aeon design ltd. কে নন রেসপনসিভ ঘোষনা না করে কার্যাদেশ প্রদান করেন। দাখিলকৃত মেসার্স আকতার ফার্নিচার লিমিটেড কে রেসপনসিভ ঘোষণা করে কার্যাদেশ প্রদানের জন্য বিবেচনা করা হলে (৯,৫০,০০০-৬,১১,৪৪৫) =৩,৩৮,৫৫৫/- টাকা আর্থিক ক্ষতির সম্মুখীন হতে হতো না।
- পাট বিষয়ক মৌলিক ও ফলিত গবেষণা প্রকল্প" এর বিস্তারিত পর্যালোচনায় দেখা যায়, Thermal cyclear with Gradient (pcr) এর ক্রয় এর জন্য ওভারসীস মার্কেটিং কর্পোরেশন (প্রাইভেট) লিমিটেডকে কার্যাদেশ নং বেজিআরআই/বিএআরজে-৩৭০/২০১৭/৫০৩, তারিখ ৩০/০৫/২০১৯ খ্রি. মোতাবেক ৫,৮০,০০০/- টাকার কার্যাদেশ অনুযায়ী বিল পরিশোধ করেন (কপি সংযুক্ত)। পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ এর বিধি ৬৯(১) এবং ৮৮(১) এর শর্ত মোতাবেক আরএফকিউ এর মাধ্যমে পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয় এর ক্ষেত্রে ক শ্রেণীর প্রকল্পের জন্য এককালীন ৫,০০,০০০/- লক্ষ টাকা পর্যন্ত ক্রয় করতে পারবে। কিন্তু এক্ষেত্রে তা পরিপালন করা হয়নি। [বিস্তারিত বিবরণ পরিশিষ্ট ৩.১ হতে ৩.৪ সংযুক্ত]

নিরীক্ষাধীন সময়ে দায়িত্বে ছিলেন জনাব ড. আ. শ. ম. আনোয়ারুল হক, (মহাপরিচালক)।

অনিয়মের কারণঃ

- পিপিআর/২০০৮ এর ৭৩(১) বিধি লঙ্ঘন।
- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের প্রশাসন-৪(বাজেট) অধিশাখার স্মারক নং-১২.০০.০০০০.০২২.৩৬.০০১.১৫.২৩১ তাং ৭/৫/১৯ খ্রি: এর বরাদ্দকৃত পত্রের বার্ষিক বিভাজন আদেশের শর্ত নং-৮ এবং পিপিএ-২০০৬ এর প্যারা ১১(২) এবং পিপিআর-২০০৮ এর বিধি ১৬(৬) লঙ্ঘন।
- পিপিআর-২০০৮ এর ৭০(২) এর শর্ত লঙ্ঘন।
- পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ এর বিধি ৬৯(১) এবং ৮৮(১) এর শর্ত লঙ্ঘন।

স্থানীয় অফিসের জবাব :

- নথিপত্র যাচাইবাছাই করে পরবর্তীতে নিরীক্ষাকে অবহিত করা হবে।

নিরীক্ষার মন্তব্য :

- জবাব স্বীকৃতিমূলক নয়। কারন নথিপত্র যাচাই করে আপত্তি উত্থাপিত হয়েছে। পিপিআর-২০০৮ এর বিধি ৭৩(১) এর লংঘন।
- পিপিএ-২০০৬ এর প্যারা ১১(২) এবং পিপিআর-২০০৮ এর বিধি ১৬(৬) এর লংঘন।
- পিপিএ-২০০৬ এর ৩১(১)(ঙ) ও পিপিআর-২০০৮ এর ৭০(২) এর লংঘন।
- পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ এর বিধি ৬৯(১) এবং ৮৮(১) এর লংঘন।

নিরীক্ষার সুপারিশ :

- যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বিষয়টি তদন্ত পুর্বক দায়দায়িত্ব নির্ধারণ এবং পরবর্তী ব্যবস্থা গ্রহণ করত: প্রমাণকসহ নিরীক্ষা অফিসকে জানানোর জন্য অনুরোধ করা হলো।

প্যারা-০৪

শিরোনাম: বিওকিউতে (বিল অব কোয়ান্টিটি) উল্লিখিত অর্থ অপেক্ষা ঠিকাদারকে অতিরিক্ত ২,৫৪,৩৬২/-(দুইলক্ষ চুয়ান্ন হাজার তিনশত বাষট্টি) টাকা পরিশোধ।

বিবরণ:

- কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন মহাপরিচালক পাট গবেষণা ইনস্টিটিউট এর জুট এন্ড টেক্সটাইল প্রোডাক্ট ডেভেলপমেন্ট সেন্টার (জেটিপিডিসি) এর গবেষণা জোরদারকরণ শীর্ষক প্রকল্প ঢাকা অফিসের ২০১৮-১৯ বিওকিউতে (বিল অব কোয়ান্টিটি) উল্লিখিত অর্থ অপেক্ষা ঠিকাদারকে অতিরিক্ত ২,৫৪,৩৬২/- টাকা পরিশোধ করা হয়েছে।
- নিরীক্ষায় ডিপিপি, কার্যাদেশ, ঠিকাদারকে পরিশোধিত বিভিন্ন বিল-ভাউচার, প্রাক্কলন, এম.বি (মেজারমেন্ট বুক) পর্যালোচনায় দেখা যায় যে, ঠিকাদারের দাখিলকৃত বিওকিউ (বিল অব কোয়ান্টিটি) অনুযায়ী প্রাপ্য ১০,৩৪,৯০৭/- টাকা কিন্তু চূড়ান্ত বিলে পরিশোধ করা হয়েছে ১২,৮৯,২৬৯/- টাকা অর্থাৎ (১২,৮৯,২৬৯ - ১০,৩৪,৯০৭)= ২,৫৪,৩৬২/- টাকা বিভিন্ন আইটেমের বিপরীতে অতিরিক্ত পরিশোধ করা হয়েছে। [বিস্তারিত বিবরণ পরিশিষ্ট '' ৪.১ "সংযুক্ত]

  নিরীক্ষাধীন সময়ে দায়িত্বে ছিলেন জনাব ড. আ. শ. ম. আনোয়ারুল হক, (মহাপরিচালক)।

অনিয়মের কারণঃ

- বিওকিউতে (বিল অব কোয়ান্টিটি) উল্লিখিত অর্থ অপেক্ষা ঠিকাদারকে অতিরিক্ত অর্থ পরিশোধ।

স্থানীয় অফিসের জবাব :

- নথিপত্র যাচাইবাছাই করে পরবর্তীতে নিরীক্ষাকে অবহিত করা হবে।

নিরীক্ষার মন্তব্য :

- জবাব যথাযথ নয়। কারণ প্রাক্কলনে প্রদর্শিত কাজের অতিরিক্ত কাজ করতে হলে পরিকল্পনায় অন্তর্ভুক্ত এবং প্রয়োজনীয়তা/চাহিদা থাকতে হবে। এতদসংক্রান্ত কোন রেকর্ড এক্ষেত্রে পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ :

- ডিপিপি সংশোধন করে অনুমোদিত আরডিপিপিসহ প্রমাণক নিরীক্ষা অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

প্যারা-০৫

শিরোনাম : পিপিএনবি এর (Programme Proposal for Non Development Budget) বহির্ভূত ল্যাব যন্ত্রপাতি ক্রয় বাবদ ১,৪৪,৯০০/- (এক লক্ষ চুয়াল্লিশ হাজার নয়শত) টাকা অনিয়মিতভাবে পরিশোধ।

বিবরণ:

- কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন মহাপরিচালক বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট মানিক মিয়া এভিনিউ ঢাকা এর Application Of Enzyme Technology For Improvement Of Jute fiber and jute based product কর্মসূচীর এর ২০১৮-১৯ পিপিএনবি এর বহির্ভূত ল্যাব যন্ত্রপাতি ক্রয় বাবদ ১,৪৪,৯০০/- (এক লক্ষ চুয়াল্লিশ হাজার নয়শত) টাকা অনিয়মিতভাবে পরিশোধ করা হয়েছে।
- পিপিএনবি, পরিশোধিত বিভিন্ন বিল ভাউচার ও অন্যান্য আনুষঙ্গিক নথিপত্র নিরীক্ষাকালে দেখা যায় যে, কর্মসূচীর পিপিএনবিতে দ্রব্য/আইটেম অন্তর্ভুক্ত না থাকা সত্বেও ল্যাব যন্ত্রপাতি ক্রয় বাবদ ১,৪৪,৯০০/- টাকা অনিয়মিতভাবে পরিশোধ করা হয়েছে। প্রকল্পের ল্যাব যন্ত্রপাতির অনুমোদিত তালিকায় ০৪টি ল্যাব যন্ত্রপাতি পিপিএনবিতে অন্তর্ভুক্ত ছিলো না। কিন্তু ক্রয়কারী পিপিএনবি বহির্ভূত যন্ত্রপাতি ক্রয় বাবদ ১,৪৪,৯০০/- টাকা ঠিকাদার প্যারডাইস সায়েন্টিফিক কোম্পানিকে পরিশোধ করেছে। কর্মসূচী পরিচালনার জন্য প্রকল্পের অনুমোদিত পিপিএনবিতে কি কি গবেষণা যন্ত্রপাতি ক্রয় করবে তা উল্লেখ আছে। কিন্তু এক্ষেত্রে তা পরিপালন না করে ১১ টি গবেষণা যন্ত্রপাতি ক্রয় ছাড়াও পিপিএনবি বহির্ভূত আরও ০৪ টি ল্যাব যন্ত্র ক্রয় করা হয়েছে। [বিস্তারিত বিবরণ পরিশিষ্ট " ৫.১ "সংযুক্ত]

  নিরীক্ষাধীন সময়ে দায়িত্বে ছিলেন জনাব ড. আ. শ. ম. আনোয়ারুল হক, (মহাপরিচালক)।

অনিয়মের কারণ:

- পিপিএনবি'র বহির্ভূত ল্যাব যন্ত্রপাতি ক্রয় ।

স্থানীয় অফিসের জবাব :

- নথিপত্র যাচাইবাছাই করে পরবর্তীতে নিরীক্ষাকে অবহিত করা হবে।

নিরীক্ষার মন্তব্য :

- জবাব স্বীকৃতিমূলক নয়। কর্মসূচীর দ্রব্য ক্রয়ের ক্ষেত্রে পিপিএনবি বহির্ভূত কোন দ্রব্য ক্রয় করার বিধান নেই ।

নিরীক্ষার সুপারিশ :

- পিপিএনবি সংশোধন করে অনুমোদিত পিপিএনবিসহ প্রমাণক নিরীক্ষা অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

প্যারা-০৬

শিরোনাম: পিপিএনবিতে (Programme Proposal for Non Development Budget) নির্ধারিত মূল্য অপেক্ষা অতিরিক্ত মূল্যে যন্ত্রপাতি ক্রয় করায় ১,৫৬,০০০/-(এক লক্ষ ছাপ্পান্ন হাজার) টাকা সরকারের আর্থিক ক্ষতি।

বিবরণ:

- কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন মহাপরিচালক পাট গবেষণা ইনস্টিটিউট এর কর্মসূচী পরিচালক Appilication of Enzyme Technology For Improvement of Jute Fibre and Jute Based Product, অফিসের ২০১৮-১৯ আর্থিক সালের পিপিএনবিতে নির্ধারিত মূল্য অপেক্ষা অতিরিক্ত মূল্যে যন্ত্রপাতি ক্রয় করায় ১,৫৬,০০০/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।
- নিরীক্ষায় পিপিএনবি, বিভিন্ন যন্ত্রপাতি ক্রয়ের পরিশোধিত বিল-ভাউচারও অন্যান্য আনুষঙ্গিক নথিপত্র নিরীক্ষাকালে দেখা যায় যে, বিভিন্ন যন্ত্রপাতি ক্রয় বাবদ পিপিএনবি অনুযায়ী ৬,২৫,০০০/-টাকা প্রাপ্য কিন্তু বিলে ঠিকাদার ওভারসীস মার্কেটিং কর্পোরেশন (প্রাইভেট) লিমিটেডকে পরিশোধ করা হয়েছে ৭,৮১,০০০/- টাকা অর্থাৎ (৭,৮১,০০০-৬,২৫,০০০)= ১,৫৬,০০০/- টাকা পরিশোধ করা হয়েছে। [বিস্তারিত বিবরণ পরিশিষ্ট " ৬.১ "সংযুক্ত]

  নিরীক্ষাধীন সময়ে দায়িত্বে ছিলেন জনাব ড. আ. শ. ম. আনোয়ারুল হক, (মহাপরিচালক)।

অনিয়মের কারণ:

- পিপিএনবিতে উল্লিখিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে দ্রব্য ক্রয়।

স্থানীয় অফিসের জবাব :

- নথিপত্র যাচাইবাছাই করে পরবর্তীতে জবাব প্রদান করা হবে।

নিরীক্ষার মন্তব্য:

- জবাব সন্তোষজনক নয়। কারণ পিপিএনবিতে সংস্থান না থাকা সত্ত্বেও অতিরিক্ত অর্থ পরিশোধের কোন সুযোগ নেই। বাজার দর যাচাই করে পিপিএনবিতে প্রতি একক মূল্য নির্ধারণ করা হয়েছে। পিপিএনবিতে নির্ধারিত মূল্য অপেক্ষা অতিরিক্ত মূল্যে বিল পরিশোধ করা বিধি সম্মত নয়।

নিরীক্ষার সুপারিশ :

- যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বিষয়টি তদন্তপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করে প্রমাণকসহ নিরীক্ষা অফিসকে জানানোর জন্য অনুরোধ করা হলো।

প্যারা-০৭

শিরোনাম : ডিপিপিতে উল্লিখিত সংখ্যার অতিরিক্ত সংখ্যা ও টাকার পরিমাণ বেশি দেখিয়ে ঠিকাদারকে অতিরিক্ত ২,৩৭,২৫৬/- (দুই লক্ষ সাইত্রিশ হাজার দুইশত ছাপ্পান্ন) টাকা পরিশোধ।

বিবরণ:

- কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন মহাপরিচালক পাট গবেষণা ইনস্টিটিউট এর জুট এন্ড টেক্সটাইল প্রোডাক্ট ডেভেলপমেন্ট সেন্টার (জেটিপিডিসি) এর গবেষণা জোরদারকরণ শীর্ষক প্রকল্প অফিসের ২০১৮-১৯ আর্থিক সালের ডিপিপিতে উল্লিখিত সংখ্যার অতিরিক্ত সংখ্যা ও টাকার পরিমাণ বেশি দেখিয়ে ঠিকাদারকে অতিরিক্ত ২,৩৭,২৫৬/- টাকা পরিশোধ করা হয়েছে।
- প্রকল্পের ডিপিপি, পরিশোধিত ল্যাব যন্ত্রপাতির বিভিন্ন বিল-ভাউচার ও অন্যান্য আনুষঙ্গিক নথিপত্র নিরীক্ষাকালে দেখা যায় যে, ডিপিপিতে উল্লিখিত অতিরিক্ত সংখ্যা ও টাকার পরিমাণ বেশি দেখিয়ে ঠিকাদারকে অতিরিক্ত ২,৩৭,২৫৬/- টাকা পরিশোধ করা হয়েছে। নিরীক্ষা যাচাইয়ান্তে দেখা যায় যে ১ টি Bench top pH meter ক্রয়ের জন্য ৮০,০০০/- টাকা বরাদ্দ ধরা আছে। এক্ষেত্রে ক্রয়কারী ১টির স্থলে ২টি ক্রয় করে প্রতিটি ১,৫৮,৬২৮/- টাকা দরে = (১৫৮৬২৮X২)= ৩,১৭,২৫৬/- টাকা ঠিকাদারকে পরিশোধ করেছে। এক্ষেত্রে ঠিকাদারকে অতিরিক্ত অতিরিক্ত সংখ্যা ও মূল্য বেশি দেখিয়ে (৩,১৭,২৫৬-৮০,০০০)=২,৩৭,২৫৬/- টাকা পরিশোধ করা হয়েছে। [বিস্তারিত বিবরণ পরিশিষ্ট " ৭.১ "সংযুক্ত]

  নিরীক্ষাধীন সময়ে দায়িত্বে ছিলেন জনাব ড. আ. শ. ম. আনোয়ারুল হক, (মহাপরিচালক)।

অনিয়মের কারণঃ

- ডিপিপিতে উল্লিখিত সংখ্যার অতিরিক্ত সংখ্যা ও টাকার পরিমাণ বেশি দেখিয়ে অতিরিক্ত অর্থ পরিশোধ।

স্থানীয় অফিসের জবাব :

- নথিপত্র যাচাইবাছাই করে পরবর্তীতে জবাব প্রদান করা হবে।

নিরীক্ষার মন্তব্য :

- জবাব সন্তোষজনক নয়। কারণ ডিপিপিতে সংস্থান না থাকা সত্ত্বেও অতিরিক্ত অর্থ পরিশোধের কোন সুযোগ নেই। বাজার দর যাচাই করে ডিপিপিতে প্রতি একক মূল্য নির্ধারণ করা হয়েছে। ডিপিপিতে নির্ধারিত সংখ্যার অতিরিক্ত ল্যাব যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে যা বিধি সম্মত নয়।

নিরীক্ষার সুপারিশ :

- ডিপিপি সংশোধন করে অনুমোদিত আরডিপিপিসহ প্রমাণক নিরীক্ষা অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

প্যারা-০৮

শিরোনাম : ২০১৮-২০১৯ অর্থ বছরে আরডিপিপিতে বরাদ্দের অতিরিক্ত অনিয়মিতভাবে ১৩,৯৬,০০০/-(তের লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকা পরিশোধ।

বিবরণ:

- কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন মহাপরিচালক পাট গবেষণা ইনস্টিটিউট এর প্রকল্প পরিচালক পাট বিষয়ক মৌলিক ও ফলিত গবেষণা প্রকল্প অফিসের ২০১৮-১৯ আর্থিক সালের আরডিপিপিতে বরাদ্দের অতিরিক্ত অনিয়মিতভাবে ১৩,৯৬,০০০/- টাকা পরিশোধ করা হয়েছে।
